সর্বোচ্চ ২৯.০°
সর্বনিম্ন ১১.২°
কোচবিহার
বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৪৫ শতাংশ

বুধবারের পূর্বাভাস ঃ পরিষ্কার আকাশ

আমার শহর
উত্তরবঙ্গ সংবাদ ১৪ ফেব্রুয়ারি ২০১৮ তেরো

ভ্যালেন্টাইনস ডে উপলক্ষ্যে কোচবিহারে মিলছে এই বিশেষ মিষ্টিগুলি।

প্রতিটি দিনই প্রেম দিবস

কোচবিহার, ১৩ ফেব্রুয়ারি ঃ একথা মেনে নিতেই হবে যে নতুন প্রজন্মের কাছে প্রেমের অন্যতম মাধ্যম সোশ্যাল মিডিয়া। স্কুলের গণ্ডিতে থাকাকালীনই এখন প্রায় সকলের হাতে চলে আসছে স্মার্ট ফোন। হাতের মুঠোয় হোয়াটসঅ্যাপ, ফেসবুক। অনবরত বার্তালাপ বা ভিডিয়ো কল সঙ্গীকে একঝলক দেখা বা বিক্ষিপ্ত প্রেমালাপ এখন অনেক সহজ। ভ্যালেন্টাইনস ডে নিয়ে আলাদা উন্মাদনা থাকলেও সোশ্যাল মিডিয়া আর স্মার্ট ফোনের যুগে বছরের প্রতিটি দিনই এখন একেকটা ভ্যালেন্টাইনস ডে। অন্তত এমনটাই মনে করছেন কোচবিহারের তরুণ-তরুণীরা।

স্কুলে যাওয়া-আসা কিংবা সকাল-সন্ধ্যায় প্রাইভেট টিউশনে যাওয়ার পথে দেখা তার সঙ্গে টেলিফোন বুথ থেকে কয়েক মিনিটের কথা, বন্ধু কিংবা বান্ধবীকে 'ঘটক' হিসাবে ব্যবহার করে চিঠি আদানপ্রদানও পাছে কেউ দেখে ফেলে তাই লুকিয়েচুরিয়ে সাক্ষাৎ – এসব এখন অতীত। তখন এরকম আশঙ্কায় ভরা প্রেমেও থাকত নানা বিধিনিষেধ। মোটামুটি বছর দশেক আগেও এই সব সমস্যা সামলে চলত প্রেমপর্ব। স্মার্টফোনের দেখাই ছিল না। মোবাইলই বা কোথায় তখন, তাই মাঝেমধ্যে দেখা হলেও কথা আদানপ্রদানের ক্ষেত্রে চিঠিই ছিল অন্যতম মাধ্যম। তবে বদলেছে সময়। তোর্ষা আর তিস্তা দিয়ে বয়ে গিয়েছে অনেক জল। স্মার্টফোনের যুগে এখন যোগাযোগ থুড়ি প্রেমের পদ্ধতি হাতের মুঠোয়। মনের মানুষের সঙ্গে কথা বলতে এখন আর অপেক্ষা করতে হয় না। মোবাইলে একটি টাচেই এখন যুক্ত হয়ে যাচ্ছে প্রেমিক-প্রেমিকারা। তাই ভালোবাসার জন্য পৃথক কোনো দিন নয়, প্রত্যেকটি দিনই ভালোবাসার জন্য- এরকমটাই মত সকলের।

সোশ্যাল মিডিয়া এখন দারুণ জনপ্রিয় মাধ্যম। বন্ধুত্ব হোক বা প্রেম, যোগাযোগের ঠিকানা সেই ফেসবুক, হোয়াটসঅ্যাপই। তবে আধুনিকদের মধ্যেও অনেকেই মনে করছেন প্রেমটাও নাকি আজকাল বড্ড ডিজিট্যাল হয়ে গিয়েছে। এখনকার ডিজিট্যাল প্রেমালাপ থেকে কয়েক বছর আগের সেই চিঠি আদানপ্রদানের যুগটাই বেশি আবেগপ্রবণ ছিল। এরকমটা মনে করার মতো মানুষের সংখ্যাও কম নয়। যদিও আবার এসব যুক্তি মানতে নারাজ এই প্রজন্ম। তাঁদের মতে, সোশ্যাল মিডিয়ার মাধ্যমে প্রতি মুহূর্তেই যুক্ত থাকা যাচ্ছে। তাই স্বাভাবিকভাবেই নাকি প্রেমটা বেশ মাখোমাখো হচ্ছে স্মার্টফোনের মাধ্যমেই।

কলেজ ছাত্রী প্রিয়া নন্দী জানায়, 'সবকিছুই যখন আধুনিক হচ্ছে তখন প্রেমটা আধুনিক হতে সমস্যা কী? তারই বান্ধবী রিয়া দত্তের কথায়, প্রেমের জন্য নির্দিষ্ট করা হয়েছে ১৪ ফেব্রুয়ারি। সেক্ষেত্রে সেদিনটা পালন করুক সকলেই। তবে আমার মনে হয় প্রতিটি দিনই ভালোবাসার জন্য। তাই প্রতিটি দিনই ভ্যালেন্টাইনস ডে।'

রোমিওদের দৌরাত্ম্য রুখতে উদ্যোগী পুলিশ

প্রসেনজিত সাহা

দিনহাটা, ১৩ ফেব্রুয়ারি ঃ ভ্যালেন্টাইনস ডেতে রোমিওদের দৌরাত্ম্য রুখতে দিনহাটার পুলিশ বিশেষ ব্যবস্থা নিয়েছে। এমনিতেই দিনহাটায় ইভটিজারদের বেশ দৌরাত্ম্য রয়েছে। অভিযোগ, ভ্যালেন্টাইনস ডের দিন তাদের দৌরাত্ম্য আরও বেড়ে যায়। এমনিতেও দিনকয়েক আগেও এই ইভটিজার বা রোমিওদের বিভিন্ন মেয়েদের স্কুলের সামনে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে থাকতে দেখা যেত। স্কুল ছুটির পর মেয়েদের পিছনে চলতে চলতে তারা তাদেরকে উত্ত্যক্ত করার কোনো সুযোগই ছাড়ত না। ছুড়ে দেওয়া হত প্রেমের প্রস্তাব। দিনহাটা গার্লস হাইস্কুল, গোপালনগর এমএসএস হাইস্কুল, সোনিদেবী জৈন হাইস্কুলে দিনকয়েক আগেও এই ছবি দেখা যেত। তবে সম্প্রতি চ্যাংরাবান্ধায় ছাত্রীর শ্লীলতাহানির ঘটনাকে কেন্দ্র করে গোটা কোচবিহার জেলা উত্তপ্ত হয়ে উঠলে পরিস্থিতি আমূল বদলে যায়। নড়েচড়ে বসে দিনহাটার মহিলা থানা। পুলিশ মেয়েদের বিভিন্ন স্কুলের সামনে অভিযান চালানো শুরু করে। প্রত্যেক স্কুলে ছাত্রীদের সঙ্গে কথা বলে দিনহাটা থানার পক্ষ থেকে তাদেরকে অভয় দেওয়া হয়। রমা দে, শিখা মজুমদার, রতন বণিক প্রমুখ অভিভাবকরা পুলিশের এই পদক্ষেপে খুবই খুশি। তাঁরা জানান, সমস্যা এতটাই জটিল হয়ে উঠেছিল যে স্কুল শুরু থেকে শেষ হওয়া পর্যন্ত মেয়েদের জন্য স্কুলের বাইরে দাঁড়িয়ে অপেক্ষা করতে হত। তবে বর্তমানে অবস্থা অনেকটাই স্থিতিশীল বলে মনে করছেন অভিভাবকরা। অন্যদিকে, ডাকবাংলোপাড়ার স্থানীয়রা জানান, বেশকিছু বহিরাগত মাঝে মাঝেই এলাকায় দ্রুতগতিতে বাইক চালিয়ে চলাচল করে। এছাড়া মেয়েদের উত্ত্যক্ত করা তাদের রোজকার ঘটনা হয়ে দাঁড়িয়েছে। তবে দিনহাটা থানার উদ্যোগে এখন পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে রয়েছে। দিনহাটা সোনিদেবী জৈন হাইস্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক গঙ্গাধর রায় বলেন, পুলিশের অভিযানের ফলে বহিরাগতদের পাশাপাশি বিদ্যালয়ের ছাত্রদের আচরণেও অনেকটা পরিবর্তন এসেছে। তিনি বিদ্যালয়ের পক্ষ থেকে মহিলা থানার ওসি সোনম মাহেশ্বরীকে ধন্যবাদ জানান। দিনহাটা গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষিকা লীনা মজুমদারও পুলিশের উদ্যোগকে সাধুবাদ জানান। পুলিশের উদ্যোগে ছাত্রীদের মধ্যেও স্বস্তির হাওয়া ছড়িয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক কিছু ছাত্রীর কথায়, বর্তমানে আমরা নিশ্চিন্তে স্কুল করে বাড়ি ফিরতে পারছি। রাতে টিউশনে যেতেও এখন কোনো সমস্যা হচ্ছে না।

এ বিষয়ে দিনহাটা থানার এসআই রাজু রায় বলেন, 'আমরা কড়া হাতে বিষয়গুলিকে নিয়ন্ত্রণ করব। আমাদের এই অভিযান অব্যাহত থাকবে।'

এদিকে, ভ্যালেন্টাইনস ডেতে কোচবিহার শহরে বাইকবাজদের দাপট রুখতেও পুলিশ তৎপর হয়েছে। ১৪ ফেব্রুয়ারি সকাল থেকেই শহরের রাস্তাগুলিতে থাকবে বিশেষ চেকিংয়ের ব্যবস্থা। মেয়েদের নিরাপত্তার স্বার্থে সক্রিয় থাকবে পুলিশ প্রশাসন। বাইক আরোহীরা যাতে ট্রাফিক আইন মেনে যাতায়াত করে সেবিষয়েও দীর্ঘদিন ধরেই চলছে প্রচার। ট্রাফিক আইন না মেনে বাইক চালালে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে।

পুলিশের এক কর্তা বলেন, ভ্যালেন্টাইনস ডেতে নিয়ম না মেনে চলাটা চলবে না। ট্রাফিক নিয়মকানুন সকলকেই মেনে চলতে হবে। তা না হলে পুলিশের তরফে জরিমানা করা হবে।

গাছে প্রেম। সাগরদিঘির পাশে।

প্রেম করবার জায়গা চায় তুফানগঞ্জ

তুফানগঞ্জ, ১৩ ফেব্রুয়ারি ঃ কোচবিহার জেলার অন্যতম মহকুমা শহর তুফানগঞ্জ। নাগরিকদের জীবনযাত্রায় বহু বছর আগে আধুনিকতার ছোঁয়া লাগলেও প্রেমিক-প্রেমিকাদের বসার জন্য উপযুক্ত বিনোদন পার্ক এই শহরে নেই। এর ফলে অনেককেই বাধ্য হয়ে পাড়ার অলিগলিতে নতুবা মরা রায়ডাক নদীর তীরে প্রেমালাপ করতে দেখা যায়। তাই ভ্যালেন্টাইনস ডে-র আগে তুফানগঞ্জ শহরে একটি বিনোদন পার্ক তৈরির দাবিতে সরব হয়েছে শহরের তরুণ-তরুণীরা।

তুফানগঞ্জ মহাবিদ্যালয়ের পড়ুয়া ত্রিনাথ পাল বলেন, তুফানগঞ্জ মহকুমা শহর হলেও এখানে কোনো বিনোদন পার্ক নেই। ফলে পছন্দের মানুষের সঙ্গে কোথাও বসে সময় কাটানো যায় না। এটা অত্যন্ত খারাপ বিষয়।

তুফানগঞ্জ শহরের বাসিন্দা অনুরিমা দাস বলেন, 'প্রেমিক-প্রেমিকাদের উপযুক্ত বসবার স্থান তুফানগঞ্জে নেই। অন্য শহরের বন্ধু-বান্ধবীরা একথা শুনে হাসাহাসি করে। অবিলম্বে তুফানগঞ্জ শহরে একটি বিনোদন পার্ক তৈরি করা দরকার।' তুফানগঞ্জ মহাবিদ্যালয়ের ছাত্রী পায়েল ঘোষ বলেন, 'তুফানগঞ্জ মহকুমা শহরে শিশুদের খেলাধুলো করার জন্য একটি পার্ক রয়েছে। অথচ তরুণ-তরুণীদের বসার জন্য উপযুক্ত বিনোদন পার্ক নেই। প্রত্যেক শহরেই একটি করে বিনোদন পার্ক থাকার কথা। অথচ এই শহরে এখনও তা গড়ে ওঠেনি।' সায়ন দাস নামে তুফানগঞ্জ মহাবিদ্যালয়ের এক পড়ুয়া বলেন, 'তুফানগঞ্জ শহরে বিনোদন পার্কের অভাবে প্রিয় বান্ধবীকে নিয়ে ২৪ কিলোমিটার দূরবর্তী কোচবিহারের নরেন্দ্রনারায়ণ পার্ক কিংবা রাজবাড়ি পার্কে যেতে হচ্ছে। যার ফলে সময় ও টাকার অপচয় হচ্ছে।'

নামপ্রকাশে অনিচ্ছুক তুফানগঞ্জ শহরের এক বাসিন্দা জানান, 'প্রেম করে বিয়ে করেছি। বছর পনেরো আগে আমরা বসার জায়গা না পেয়ে শহরের পাড়ার অলিগলিতে প্রেম করতাম। সেই ছবিটা কিন্তু এখনও বদলায়নি।' তিনিও শহরে একটি বিনোদন পার্ক তৈরির দাবি জানান। তুফানগঞ্জের পুরপ্রধান অনন্তকুমার বর্মা দাবির বিষয়টি খতিয়ে দেখে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন।

মানসিক ভারসাম্যহীন মহিলাকে মারধরের অভিযোগ

কোচবিহার, ১৩ ফেব্রুয়ারি ঃ কালীমন্দিরে ঢুকে পুজোর জিনিসপত্র ওলটপালট করায় এক মানসিক ভারসাম্যহীন মহিলাকে মারধর করে মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠল। মঙ্গলবার সকালে কোচবিহারের কলাবাগান চৌপথিতে এই ঘটনাটি ঘটেছে। পরে স্থানীয় কিছু মানুষ ওই মহিলাকে উদ্ধার করে কোচবিহার এমজেএন হাসপাতালে ভরতি করে। তবে ওই মহিলার নাম ও পরিচয় জানা যায়নি। এমজেএন হাসপাতালের সুপার ডা. জয়দেব বর্মন বলেন, 'ওই মহিলার শরীরে আঘাতের চিহ্ন রয়েছে। আমরা বিষয়টি পুলিশকে জানাব।'

কলাবাগান এলাকার বাসিন্দা দীপ্তেন্দু দে বলেন, 'এলাকায় একটি কালীমন্দিরে ঢুকে পুজোর জিনিসপত্র তছনছ করার অভিযোগে ওই মানসিক ভারসাম্যহীন মহিলাকে এক ব্যক্তি মারধর করেছে। আমরা ওই মহিলাকে এমজেএন হাসপাতালে ভরতি করে দিয়েছি। ঘটনাটি খুবই দুঃখজনক।'

মাথাভাঙ্গায় শুরু শিবরাত্রিমেলা

মাথাভাঙ্গা, ১৩ ফেব্রুয়ারি ঃ মঙ্গলবার মাথাভাঙ্গা পুরসভা পরিচালিত ঐতিহ্যবাহী শিবরাত্রিমেলার সূচনা হল। এদিন বিকেলে মেলার মূল প্রবেশপথে ফিতে কেটে মেলার আনুষ্ঠানিক উদ্‌বোধন করেন বনমন্ত্রী বিনয়কৃষ্ণ বর্মন। অনুষ্ঠানে শীতলকুচির বিধায়ক হিতেন বর্মন, কোচবিহার জেলাপরিষদের সহকারী সভাধিপতি ললিত প্রামাণিক, মাথাভাঙ্গার মহকুমাশাসক রঞ্জন চক্রবর্তী সহ অন্যরা উপস্থিত ছিলেন। আগামী ১ মার্চ পর্যন্ত এই মেলা চলবে। পুরসভা সূত্রে খবর, এদিন মেলার আনুষ্ঠানিক উদ্‌বোধন হলেও মেলা সম্পূর্ণভাবে চালু হতে আরও দুই-একদিন সময় লাগবে। মাথাভাঙ্গা পুরসভার চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিক বলেন, 'মেলার অফিসও এখনও চালু হয়নি। তবে দুই-একদিনের মধ্যেই তা চালু হবে। বিভিন্ন জায়গার পাশাপাশি বাংলাদেশ থেকেও ব্যবসায়ীরা এই মেলায় আসবেন।' তবে এবছর মেলায় সার্কাস না থাকায় শিবরাত্রিমেলার জৌলুস অনেকটাই ফিকে বলে শহরবাসীর একাংশ মনে করছেন। তবে সার্কাস না থাকলেও নাগরদোলা সহ সাধারণের মনোরঞ্জনের নানা উপকরণ থাকছে বলে পুরসভার ভাইস চেয়ারম্যান চন্দন দাস জানান। পুরসভা সূত্রে আরও জানা গিয়েছে, এবছর মাথাভাঙ্গার শিবরাত্রিমেলায় প্রায় তিনশো দোকানপাট বসবে।

নজরে শহর

সাংবাদিক সম্মেলন

কোচবিহার, ১৩ ফেব্রুয়ারি ঃ কোচবিহার লোকসভা কেন্দ্রের যুব কংগ্রেস সভাপতির দায়িত্ব পাওয়ার পর সাংবাদিক সম্মেলন করলেন জয়ন্ত চন্দ। মঙ্গলবার কোচবিহার প্রেস ক্লাবে সাংবাদিকদের সামনে তিনি বলেন, 'পঞ্চায়েত নির্বাচনের আগে কংগ্রেসকে আরও শক্তিশালী করতে হবে। যে সমস্ত নেতা-কর্মী নানা কারণে দল থেকে দূরে রয়েছেন, আলোচনা করে তাঁদের ফের সক্রিয় করার কাজ চলবে। এদিকে, কংগ্রেসের জেলা সভাপতি শ্যামল চৌধুরি বলেন, যাঁরা সাংবাদিক সম্মেলন করেছেন তাঁরা দলের কেউ নন।

পদক্ষেপের দাবি

কোচবিহার, ১৩ ফেব্রুয়ারি ঃ গত ২৪ আগস্ট ভেটাগুড়িতে মহানামসংকীর্তন চলাকালীন সন্তানদলের কর্মী তপতী বর্মনের পরিবারের ওপর হামলা চালানোর অভিযোগ উঠেছে। দুষ্কৃতীরা হারমোনিয়াম, খোল ইত্যাদি বাদ্যযন্ত্র ভাঙচুর করে বলেও অভিযোগ। গোটা ঘটনা পুলিশ প্রশাসনকে জানানো হলেও এ ব্যাপারে এখনও কোনো পদক্ষেপ নেওয়া হয়নি বলে মঙ্গলবার প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করে এমন অভিযোগ জানালেন সন্তানদল কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক অঞ্জন দেব। তিনি বলেন, ওই পরিবার ও সম্পত্তির নিরাপত্তা সুনিশ্চিত করতে প্রশাসন এবং পুলিশের সদর্থক ভূমিকার দাবি জানিয়েছি। বিষয়টি সন্তানদলের পক্ষ থেকে উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষকেও জানানো হয়েছে।

সম্মেলন

কোচবিহার, ১৩ ফেব্রুয়ারি ঃ 'তৃণমূল কংগ্রেস ইট মারলে, তাদের পাটকেল খেতে হবে। আগামী পঞ্চায়েত নির্বাচনে আমরাই জিতব।' কোচবিহারে দলীয় সম্মেলনে এসে এই মন্তব্য করলেন বিজেপির রাজ্য সম্পাদক প্রতাপ বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার কোচবিহারের সুকান্ত মঞ্চে বিজেপির সম্মেলনে দলের জেলা ও রাজ্য নেতৃত্ব অংশ নেন। প্রতাপবাবু বলেন, 'কর্মীদের সন্ত্রাসের মোকাবিলা করার নির্দেশ দেওয়া হয়েছে। আসন্ন পঞ্চায়েত নির্বাচনে আমরা ভালো ফল করব।'

কর্মশালা

কোচবিহার, ১৩ ফেব্রুয়ারি ঃ কোচবিহার শহরের শহিদ বাগ মুক্তমঞ্চে চিত্র ও ভাস্কর্য শিল্প নিয়ে কর্মশালা চলছে। গত সোমবার থেকে শুরু হওয়া কর্মশালাটি ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। কোচবিহার কালচারাল ফোরামের উদ্যোগে আয়োজিত এই কর্মশালায় শিল্পীরা ছবি আঁকার পাশাপাশি কাঠ কেটে ভাস্কর্য তৈরি করছেন। আগামী ১৫ ও ১৬ ফেব্রুয়ারি সেগুলির প্রদর্শনী হবে। আয়োজকদের তরফে শ্রীহরি দত্ত বলেন, ২০ জন চিত্রশিল্পী ও তিনজন ভাস্কর তাঁদের কাজ শুরু করেছেন। ৫ ফেব্রুয়ারি উদ্‌বোধনী অনুষ্ঠানে উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী রবীন্দ্রনাথ ঘোষ, জেলাশাসক কৌশিক সাহা সহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

স্বাস্থ্য শিবির

কোচবিহার, ১৩ ফেব্রুয়ারি ঃ নীলকুঠি সিস্টার নিবেদিতা গার্লস হাইস্কুলের সুবর্ণজয়ন্তী বর্ষ উপলক্ষ্যে স্বাস্থ্যপরীক্ষা শিবিরের আয়োজন করা হল। মঙ্গলবার একটি স্বেচ্ছাসেবী সংগঠনের সহযোগিতায় স্কুল চত্বরে ওই শিবিরটি হয়। কোচবিহার পুরসভার চেয়ারম্যান ভূষণ সিং শিবিরের উদ্‌বোধন করেন। স্কুলের ছাত্রীরা সহ প্রায় ৩০০ জন এখানে স্বাস্থ্যপরীক্ষা করান।

সচেতনতা শিবির

কোচবিহার, ১৩ ফেব্রুয়ারি ঃ তামাকজাত দ্রব্যের ক্ষতিকারক দিক ও সেফ ড্রাইভ সেভ লাইফ নিয়ে কোচবিহারে সচেতনতা শিবির আয়োজিত হল। মঙ্গলবার ইউনিভার্সিটি বিটি অ্যান্ড ইভনিং কলেজের এনএসএস ইউনিটের তরফে সংশ্লিষ্ট কলেজে ওই শিবিরটি আয়োজিত হয়। কলেজের অধ্যাপক-অধ্যাপিকা ও ছাত্রছাত্রীরা ছাড়াও ট্রাফিক ওসি রাহুল তালুকদার উপস্থিত ছিলেন। শিবিরে তামাকজাত দ্রব্যের ক্ষতিকারক দিকগুলি ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরা হয়। বিষয়টি নিয়ে ছাত্রছাত্রীরা একটি নাটকও মঞ্চস্থ করে। প্রোজেক্টরের মাধ্যমে বিভিন্ন চিত্র তুলে ধরে সচেতনতা প্রচার করা হয়। এনএসএসের প্রোগ্রাম অফিসার ড. রফিক উজ্জামান বলেন, 'আমরা সপ্তাহব্যাপী স্বাস্থ্য ও সামাজিক বিষয়ে সচেতনতা শিবির আয়োজন করেছি। তারই অঙ্গ হিসেবে এদিনের কর্মসূচি পালিত হয়েছে।'

শিবরাত্রির আগে আকাশছোঁয়া দাম ফুল ও পুজোর সামগ্রীর

তুফানগঞ্জ, ১৩ ফেব্রুয়ারি ঃ দোরগোড়ায় শিবরাত্রি। আর শিবরাত্রির আগে স্বাভাবিকভাবেই তুফানগঞ্জের রানিরহাট বাজারে পুজোর জন্য ধুতুরা ফুল, ধুতুরার বীজ, আকন্দ ফুল, বেল ও বেলপাতা কেনাবেচা জমে উঠেছে। বুধবার শিবচতুর্দশী থাকায় মঙ্গলবার এই সমস্ত জিনিসের দামও ছিল আকাশছোঁয়া। তবে বেদানা, শশা সহ কয়েক রকমের ফলের দাম বাড়লেও অন্যান্য ফলের দাম অন্যান্যদিনের মতোই ছিল বলে ব্যবসায়ীরা জানান।

মঙ্গলবার রানিরহাট বাজারে ছোটো আকারের ধুতুরা ফুল দশ থেকে পনেরো টাকায় বিক্রি হয়েছে। বড়ো আকারের ধুতুরার দাম ছিল কুড়ি থেকে তিরিশ টাকার মধ্যে। দশ টাকা করে ধুতুরার বীজ ও বেলপাতার গোছা বিক্রি হয়েছে। এক-একটি বেলের দাম ছিল পাঁচ থেকে দশ টাকা। আকন্দ ফুলের মালা কুড়ি থেকে পঁচিশ টাকায় বিক্রি হয়েছে। বীজ কলার দর ছিল নব্বই থেকে একশো টাকা ডজন।

তুফানগঞ্জ শহরের ১২ নম্বর ওয়ার্ডের বাসিন্দা গৃহবধূ শম্পা সরকার বলেন, 'রানিরহাট বাজারে প্রত্যাশিতভাবেই এদিন পুজোর উপকরণের দাম বেশি ছিল। দশ টাকা দিয়ে বেলপাতার গোছা কিনতে হয়েছে।' অপর এক গৃহবধূ করুণা দে বলেন, 'চল্লিশ টাকা কেজি দরে দুধ কিনতে হয়েছে। তবে তার দাম আরও বাড়বে। তাই এদিনই বাজার সেরে রাখলাম।'

ফুল ও পুজোর অন্যান্য উপকরণের দাম বাড়লেও এদিন বেশিরভাগ ফলের দাম সেরকম বাড়েনি বলে ব্যবসায়ীরা জানান। ফল ব্যবসায়ী বিপ্লব বর্মন বলেন, 'দু-তিনটি ফলের বাজার দর সামান্য বাড়লেও সামগ্রিকভাবে ফলের দাম অন্যান্যদিনের মতোই ছিল।' অপর ফল ব্যবসায়ী দিলীপ ঘোষ বলেন, 'বেদানা, শশা সহ কয়েকটি ফলের দাম বেড়েছে। তবে অন্যান্য ফলের দাম খদ্দেরদের প্রত্যাশামতোই ছিল।'

ছক্কা হাঁকিয়ে
২০ লাখ ছাড়িয়ে
উত্তরবঙ্গ সংবাদের পাঠক সংখ্যা
এই প্রথম ২০ লাখ অতিক্রম করল
Indian Readership Survey-এর সমীক্ষা অনুসারে ২০১৭ সালে উত্তরবঙ্গ সংবাদের গড় দৈনিক পাঠক সংখ্যা ২০.০৭ লাখ